# সাধারণ নির্দেশনাবলী

০১। লিখিত পরীক্ষার ফলাফল ১৩/০৭/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ২.০০ ঘটিকায় অত্র সমিতির নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে।

০২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা অদ্য অর্থাৎ ১৩/০৭/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

০৩। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশ পত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেওয়া হবে না।

০৪। নির্ধারিত সময়ের অন্তত: ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেওয়ার ১০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ/কেন্দ্র ত্যাগ করা যাবে না। কোন কারনে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পূনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না।

০৫। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৬। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠোফোন, ক্যামেরা ও যেকোন ধরনের ক্যালকুলেটর  সম্পূণ নিষিদ্ধ।

০৭। চাকুরীর আবেদনপত্রের সাথে মিল রেখে হাজীরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৮। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৯। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষ পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর ঠাকুরগাও পবিস কর্তৃপক্ষের নিকট জমা নেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।